## ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪৫তম (মার্চ, ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ ঃ ১৬ মার্চ, ২০২৩খ্রি.।

সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ০৯-০২-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>০১.উপজেলাস্বাস্থ্যওপঃপঃবিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। তিনি চিকিৎসাসেবা প্রদানকারী প্রতিষ্ঠানে সেবা প্রত্যাশীদের অপেক্ষা কক্ষ নির্মাণের প্রস্তাব পেশ করেন। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার ৮টি কমিউনিটি ক্লিনিকে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। যা মাননীয় সংসদ সদস্য মহোদয়ের মাধ্যমে শীঘ্রই উদ্বোধন করা হবে। | প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদানে নিয়মিত ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন/মনিটরিং করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০২.উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি মৌসুমে সরিষা কর্তন প্রায় শেষ পর্যায়ে এবং আশানুরুপ ফলন হয়েছে। বাজারে রাসায়নিক সার ও কীটনাশকের পর্যাপ্ত যোগান রয়েছে। ভেজার সার ও কীটনাশক প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট এবং বাজার মনিটরিং অব্যাহত রয়েছে। | রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| <u>০৩. উপজেলা মৎস্য বিভাগঃ</u> সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অফিসে আগত চাষীদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। বাজারে প্রচলিত মাছের খাদ্যের গুনগত মান পরীক্ষা/যাচাইয়ের জন্য ল্যাবরেটরীতে পাঠানো হয়েছে। | মৎস্য চাষীদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদিপশু ও হাসমুরগির চিকিৎসা প্রদান এবং গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগির চিকিৎসা ও কৃত্রিম প্রজনন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে খাবার বড়ি, আপন, কনডম, ইনজেকশন প্রদান কার্যক্রম অব্যাহত আছে। আই.ইউ.ডি, ইমপ্ল্যান্ট ও ই.সি.পি প্রদান করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃউপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ১ম, ২য় ও ৩য় কিস্তিতে (২১.৪৭ + ২১.৪৭ + ২১.৪৩) প্রাপ্ত বরাদ্দ ৬৪.৩৭ লক্ষ টাকা এবং ৩য় কিস্তির ন্যায় সম্ভাব্য ২৪.৭৪ লক্ষ টাকা ধরে এডিপি'র মোট ৮৯.১১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর আওতায় প্রাপ্ত বরাদ্দ ২০০.০০ লক্ষ টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরের অব্যয়িত অর্থ ২০.৭০ লক্ষ টাকা সহ সর্বমোট ২২০.৭০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। সর্বমোট এডিপি + রাজস্ব উদ্বৃত্ত =৮৯.১১ + ২২০.৭০ =৩০৯.৮১ লক্ষ টাকা সম্ভাব্য বরাদ্দ।

উক্ত টাকা হতে বিভিন্ন খাত/ উপ-খাতে ADPও UPDFমিলে মোট ৪৮টি প্যাকেজে ১,৬৮,৪১,০০০/-টাকার মধ্যে এডিপি'র মাধ্যমে ১২টি প্যাকেজে ৬১,৮২,৩০০/-টাকা ইজিপি (LTM) অনলাইন পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন এবং ১৩টি প্যাকেজে ২৬,০০,০০০/-টাকা পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন এবং ইউপিডিএফ বরাদ্দ হতে ০৫টি প্যাকেজে৩৩,০০,০০০/- টাকা ইজিপি (LTM) অনলাইন পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন,আরএফকিউ টেন্ডারের মাধ্যমে ইউপিডিএফ বরাদ্দ হতে ০২টি প্রকল্প ১টি প্যাকেজে ৯,০০,০০০/-টাকায় বাস্তবায়ন ও ১৭টি প্রকল্প ইউপিডিএফ বরাদ্দ হতে পিআইসি'র মাধ্যমে ৩৪,০০,০০০/- টাকায় বাস্তবায়ন এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর উন্নয়নমূলক কাজ তদারকি ব্যয় বাবদ ১% =৮৪,১৪৫/-টাকা ও আনুষাংগিক ব্যয় বাবদ ০.৫০% =৪৪,৫৫৫/-টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল খাত হতে জরীপ তদারকী ব্যয় বাবদ ১% হিসেবে ২,২০,০০০/- ও আনুষাংগিক ব্যয় বাবদ ০.৫০% =১,১০,০০০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

অবশিষ্ট ইউপিডিএফ বরাদ্দ হতে১,৪১,৪০,০০০/-টাকার প্রকল্প প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী টেন্ডারের কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লিখিত টাকার প্রকল্পসমূহ নিম্নে প্রদত্ত হলো।

(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০১ | চওড়াবড়গাছা ইউনিয়নের ০৫নং ওয়ার্ড কাঞ্চন পাড়া জামালতাড়ী বুলু মাষ্টারের বাড়ী হতে গাঠিপাড়া যাওয়ার রাস্তা সিসি ঢালাই করণ। | ৫,৩০,০০০/- |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,৩০,০০০/- |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০২ | (ক) গোড়গ্রাম ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের মজিবর মাষ্টারে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- |
| | (খ) গোড়গ্রাম ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের সাত্তারের মোড় হতে আশরাফ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ। | ৩,৩০,০০০/- |
| | (গ) গোড়গ্রাম ইউনিয়নের ০২নং ওয়ার্ডের বেগ পাড়ায় দুলুর পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,৩০,০০০/- |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৩ | (ক) খোকশাবাড়ী ইউনিয়নের ১নং ওয়ার্ডের নারায়ণ বাবুর বাড়ি হতে ভূল্লীর বাজার যাওয়ার রাস্তা পার্শ্বে পুকুরের গাইডওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- |
| | (খ) খোকশাবাড়ী ইউনিয়নের ৫নং ওয়ার্ডে ইউনুসের বাড়ীর মোড় হতে সাক্কার বাড়ী যাওয়ার রাস্তায় পলাশের বাড়ীর সামনে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ। | ২,১০,০০০/- |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,১০,০০০/- |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৪ | পলাশবাড়ী ইউনিয়নের ১নং ওয়ার্ডের তরণীবাড়ী পাকা রাস্তা তরণীবাড়ী রেল লাইন পর্যন্ত রাস্তা আরসিসি করণ। | ৫,৩০,০০০/- |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,৩০,০০০/- |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৫ | (ক) টুপামারী ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সিতারপাঠ কমিউনিটি ক্লিনিকের পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- |
| | (খ) টুপামারী ইউনিয়নের ৬নং কিসামত দোগাছী ভোট সেন্টারের পার্শ্বের রাস্তায় গাইডওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- |

১। উপজেলা বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহের বিভিন্ন খাতে অগ্রাধিকার ও জনগুরুত্ব বিবেচনায় ৪৮টি প্যাকেজের মধ্যে এডিপি'র বরাদ্দ হতে ১২টি প্যাকেজে ইজিপি (LTM) অনলাইন পদ্ধতিতেটেন্ডার, ১৩টি প্যাকেজে পিআইসি ইউপিডিএফ বরাদ্দ হতে ৬টি প্যাকেজে টেন্ডার ও ১টি প্যাকেজে আরএফকিউ এবং ১৭টি প্যাকেজে পিআইসি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলও বার্ষিক উন্নয়ন কর্মসূচিরমোট অর্থের ৩০% অর্থ প্রকল্প কমিটির মাধ্যমে ব্যয় হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩)আনুষঙ্গিক ব্যয় বাবদ(এডিপি+উন্নয়ন তহবিল০.৫% বাবদ(৪৪,৫৫৫+১১০০০০) =১৫৪৫৫৫/-টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) জরিপ ও উন্নয়নমূলক কার্য তদারকী ব্যয় বাবদ(এডিপি+উন্নয়ন তহবিল) (১%) বাবদ(৮৪১৪৫+২২০০০০) =৩০৪১৪৫/-টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য ৩৫টি প্রকল্প কমিটি (পরিশিষ্ট-গ) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১। উপজেলা নির্বাহী অফিসার
২। উপজেলা প্রকৌশলী
৩। চেয়ারম্যান (সকল) ইউপি নীফামারী সদর।

চলমান

| | | | | |
|---|---|---|---|---|
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৬ | রামনগর ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের বাহালী পাড়া ভিতরবন্দর সমাজ কল্যাণ সংঃপ্রাঃবিঃ এর সামনে ড্রেনের অবশিষ্ট অংশ নির্মাণ করণ। | ৫,৬৬,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,৬৬,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৭ | কচুকাটা বাজারে ভূমি অফিসের মুল গেট হতে ফজলার মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা সি.সি করণ। | ৫,২০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,২০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৮ | (ক) পঞ্চপুকুর ইউনিয়নের হাতীপাড়া মোতালেবের বাড়ীর সামনে রাস্তায়কবর স্থানের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | (খ) পঞ্চপুকুর ইউনিয়নের চেংমারী এবতেদায়ী মাদ্রাসায়বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২,১০,০০০/- | | |
| | (গ) পঞ্চপুকুর ইউনিয়নের উত্তরাশশী আজিজ মেম্বারের বাড়ীর সামনে রাস্তার পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,১০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/০৯ | (ক) ইটাখোলা ইউনিয়নের ০১নং ওয়ার্ডের কান্দুরার মোড় ছালা উদ্দিনের বাড়ীর সামনে রাস্তার পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | (খ) ইটাখোলা ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের হঠাৎপাড়ায় পানি নিস্কাশনের ড্রেন নির্মাণ। | ২,১০,০০০/- | | |
| | (গ) ইটাখোলা ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের শ্রীনাথ সরকারি প্রাথমিক বিদ্যালয় যাওয়ার রাস্তার পার্শ্বে পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | (ঘ) ইটাখোলা ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের ছাড়ার পাড় ইদ্রিসের বাড়ীর নিকট রাস্তার পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,১০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/১০ | (ক) কুন্দপুকুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের শালহাটি হতে তফুরের বাড়ী যাওয়ার রাস্তায় মরহুম আবুল চেয়ারম্যান এর বাড়ীর পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- | | |
| | (খ) কুন্দপুকুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের শালহাটি শহির মেম্বারের বাড়ী যাওয়ার রাস্তায় আবুর পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/১১ | (ক) সোনারায় ইউনিয়নের ৩নং ওয়ার্ডের হুজুর পাড়া রাস্তায় আজগার আলীর পুকুরের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | (খ) সোনারায় ইউনিয়নের ৩নং ওয়ার্ডের হুজুর পাড়ার পাকা রাস্তা হতে কামরুজ্জামানের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করণ। | ২,১৬,৩০০/- | | |
| | (গ) সোনারায় ইউনিয়নের বেং পাড়া রাস্তা হতে লুৎফর ডাক্তারের বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করণ। | ২,০০,০০০/- | | |
| | (ঘ) সোনারায় ইউনিয়নের উল্টপাড়া যাওয়ার রাস্তার রিয়াজ মাষ্টারের বাড়ীর সামনে পুকুরে গাইডওয়াল নির্মাণ করণ। | ২,৬০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৭,৭৬,৩০০/- | | |
| এডিপি/নীল/ সদর/২২-২৩/১২ | (গ) সংগলশী ইউনিয়নের ৯নং ওয়ার্ড মঙ্গুলু শাহর বাড়ি সংলগ্নপাকা রাস্তার দুই পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ২,০০,০০০/- | | |
| | সর্বমোট টাকা= | ৬১,৮২,৩০০/- | | |
| **(খ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ** | | | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৩ | (ক) সংগলশী ইউনিয়নের ৬নং ওয়ার্ড ছোট এলংমারী মোজামের বাড়ি যাওয়ার রাস্তার পানি নিস্কাশনের জন্য পাকা ড্রেন নির্মাণ। | ১,০০,০০০/- | | |
| | (খ) সংগলশী ইউনিয়নের ৮নং ওয়ার্ড সুবর্ণখুলী বুড়ির থান ত্রানের ব্রীজের উভয় পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৩,০০,০০০/- | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৪ | চড়াইখোলা ইউনিয়নের চড়াইখোলা বসুনিয়া পাড়ার পাকা রাস্তা (আনিসুলের বাড়ি) হতে চৌধুরী পাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করণ। | ৫,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৫ | (ক) চাপড়াসরমজানী ইউনিয়নের ইউনিয়ন পরিষদের পূর্ব রাস্তা হতে ইউপি ভবনের পশ্চিমে পাকা রাস্তা পর্যন্ত ২৬০ ফিট কাচা রাস্তা সিসি ঢালাই করণ। | ৩,০০,০০০/- | | |
| | (খ) চাপড়াসরমজানী ইউনিয়নের নতিব চাপড়া শাহপাড়া দুলালের বাড়ীর সামনে রাস্তার ধারে ডোবায় গাইড ওয়াল নির্মাণ করন। | ২,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |

চলমান

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৬ | (ক) লক্ষীচাপ ইউনিয়নের কচুয়া চৌরঙ্গী সেবা স্কুল এন্ড কলেজের সীমানা প্রাচীর নির্মাণ। | ৫,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৫,০০,০০০/- | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৭ | (ক) উপজেলা পরিষদের সিওর দীঘির সৌন্দর্য্য বর্ধন করন কাজের অবশিষ্ট অংশ সমাপ্ত করন। | ৮,০০,০০০/- | | |
| | (খ) নীলফামারী সদর উপজেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অভ্যন্তরে অসংক্রমক রোগের নিরাময় কেন্দ্র নির্মাণ করণ। | ৩,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ১১,০০,০০০/- | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/২২-২৩/১৮ | (খ) নীলফামারী সদর উপজেলার হত দরিদ্র ও মেধাবী ছাত্রীদের মাঝে বাই সাইকেল সরবরাহ। | ৪,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৪,০০,০০০/- | | |
| | মোট টাকা(খ)= | ৩৩,০০,০০০/- | | |
| | প্যাকেজে সর্বমোট(ক+খ)= | ৯৪,৮২,৩০০/- | | |
| (গ)বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ | | | | |
| ইউপিডিএফ/নীল/ সদর/আরএফকিউ/ ২২-২৩/০০১ | (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | ৫,০০,০০০/- | | |
| | (খ) উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত আনসার ব্যারাকের অস্ত্রাগার সুরক্ষিত করণ ও ওয়ার্কওয়ে নির্মাণ। | ৪,০০,০০০/- | | |
| | প্যাকেজ উপ-মোট= | ৯,০০,০০০/- | | |
| (ঘ)বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ | | | | |
| প্রকল্প নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | | |
| ১ | চওড়াবড়গাছা ইউনিয়নের বর্তমান নতুন চেয়ারম্যান এর বাড়ী যাওয়ার পথে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| ২ | গোড়গ্রাম ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ৩ | খোকশাবাড়ী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ৪ | পলাশবাড়ী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ৫ | টুপামারী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ৬ | রামনগর ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের বাহালী পাড়া ললিতবাবুর বাড়ীর সামনে রাস্তায় ইউড্রেন ও পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| ৭ | কচুকাটা ইউনিয়নের ০৩নং ওয়ার্ড আয়শার বাড়ীর পার্শ্বে পুকুরে গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | | |
| ৮ | পঞ্চপুকুর ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ৯ | ইটাখোলা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করণ। | ২,০০,০০০/- | | |
| ১০ | কুন্দপুকুর ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ১১ | সোনারায় ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ১২ | সংগলশী ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| ১৩ | চড়াইখোলা ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- | | |
| | মোট টাকা(ঘ) | ২৬,০০,০০০/- | | |

চলমান

CamScanner

(ঙ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশকৃত স্কীম/প্রকল্পসমূহ ঃ

| | | |
|---|---|---|
| ১ | লক্ষীচাপ ইউনিয়নের বিভিন্ন স্থানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন করন। | ২,০০,০০০/- |
| ২ | নীলফামারী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ জনগণের মাঝে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকুপ স্থাপন। | ২,০০,০০০/- |
| ৩ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল বিতরণ করন। | ২,০০,০০০/- |
| ৪ | নীলফামারী সদর উপজেলার বিভিন্ন প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ করণ। | ২,০০,০০০/- |
| ৫ | নীলফামারী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের দুঃস্থ্য পরিবারের মাঝে নলকূপ স্থাপন করণ। | ২,০০,০০০/- |
| ৬ | নীলফামারী সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ করণ। | ২,০০,০০০/- |
| ৭ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন হত দরিদ্র ও প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার সরবরাহ। | ২,০০,০০০/- |
| ৮ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন হত দরিদ্রদের মাঝে সেলাই মেশিন সরবরাহ। | ২,০০,০০০/- |
| ৯ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে হারমোনিয়াম সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১০ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১১ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ব্যাটমিন্টন সেট সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১২ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ভলিবল সেট সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১৩ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন হত দরিদ্রদের মাঝে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নলকুপ স্থাপন। | ২,০০,০০০/- |
| ১৪ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রিকেট সেট সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১৫ | নীলফামারী সদর উপজেলায় বিভিন্ন হত দরিদ্রদের মাঝে সেলাই মেশিন সরবরাহ | ২,০০,০০০/- |
| ১৬ | নীলফামারী সদর উপজেলার হত দরিদ্র ও মেধাবী ছাত্রীদের মাঝে বাই সাইকেল সরবরাহ। | ২,০০,০০০/- |
| ১৭ | চাপড়াসরমজানী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ করণ। | ২,০০,০০০/- |
| | মোট টাকা (ঙ) | ৩৪,০০,০০০/- |
| | পিআইসি সর্বমোট টাকা(ঘ+ঙ) | ৬০,০০,০০০/- |

(চ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য জরীপ ও তদারকী ব্যয় এবং আনষাংগিক ব্যয়ের স্কীম/প্রকল্পসমূহ ঃ

| প্রকল্প নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন আনুষাংগিক মালামাল ক্রয় | ৪৪,৫৫৫/- |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে জরীপ ও তদারকী ব্যয় | ৮৪,১৪৫/- |
| ০৩ | ২০২২-২০২৩ অর্থ বছরে ইউপিডিএফ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন আনুষাংগিক মালামাল ক্রয় | ১,১০,০০০/- |
| ০৪ | ২০২২-২০২৩ অর্থ বছরে ইউপিডিএফ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে জরীপ ও তদারকী ব্যয় | ২,২০,০০০/- |
| | | ৪,৫৮,৭০০/- |

প্রস্তাবিত প্রকল্পসমূহের সম্ভাব্য ব্যয় টাকা=১,৬৮,৪১,০০০/- (কথায়ঃ এক কোটি আটষট্রিলক্ষ একচল্লিশ হাজার টাকা মাত্র)।

উপজেলা প্রকৌশলী উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত উল্লিখিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ ছাড়া প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য ৩০টি প্রকল্প কমিটি (পরিশিষ্ট-গ) সভায় আলোচনাক্রমে অনুমোদনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে বিতরণ করা হচ্ছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>নীলফামারী সদর। |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নীলফামারী সদর জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে এবং আদায় হার সন্তোষজনক। প্রশিক্ষণ কর্মসূচির আওতায় চলতি বছরে ১২০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দাপ্তরীক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ও ঋণ বিতরণ অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নীলফামারী সদর/ প্রোগ্রাম অফিসার মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে,চলতি অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। পূর্ণাঙ্গ সাইট লিস্ট না পাওয়ায় কাজ সমাপ্তি বিলম্বিত হচ্ছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় ধাপে ৩০টি অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ১৮টি এর স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। | ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্টদের নিকট হতে সাইট লিস্টসংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br><br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী<br>ডিপিএইচই<br>নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃকার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা শিক্ষা অফিসার জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন/মনিটরিং করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br>নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ফেব্রুয়ারি ২০২৩খ্রি. মাসে নতুন শিক্ষা কারিকুলাম এর উপর ১৩০৪জন সহকারী শিক্ষকের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের সময়ে সময়ে প্রশিক্ষণ প্রদান এবং মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে সকল বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। তিনি আশা করেন যে, নির্ধারিত সময়র মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন হবে। | নির্ধারিত সময়ের মধ্যে টিআর ও কাবিটা প্রকল্পের সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরীক কার্যক্রমসমূহ যথানিয়মে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৬৪৩৬.০০০ মেঃ টন, গম-১৪৩.৫৪৩মেঃ টন মজুদ রয়েছে। অভ্যন্তরীণ আমন চাল/ধান সংগ্রহ-২০২২-২৩ গত ৭ মার্চ ২০২৩ সমাপ্ত হয়েছে। নির্ধারিত সময়ে উপজেলায় মোট চুক্তিকৃত (রিপিট বরাদ্দসহ) চালের মধ্যে সংগ্রহের পরিমাণ ৫০৯৮.৬৫০মেঃ টন। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। বর্তমান বাজারে ধান ২৮/- থেকে ২৯/-, চাল- ৪৩/- থেকে ৪৪/-, গম- ৪৮/- থেকে ৪৯/-, আটা- ৫৫/- থেকে ৫৮/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ১১০/- থেকে ১২০/-, মসুর ডাল-১১০/-থেকে ১৪০/- এবং সয়াবিন তেল ১৯০/- থেকে ১৯৫/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে।<br>বর্তমানের জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার ও শনিবারসহ সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫দিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০মেঃ টন হারে মোট ৫.০০০মেঃ টন চাল ও ১.০০০মেঃ টন হারে মোট ৫.০০০মেঃ টন আটা, প্রতি কেজি চাল ৩০/-টাকা হারে এবং প্রতি কেজি আটা ২৪/-টাকা হারে বিক্রয় করা হচ্ছে। খাদ্য মন্ত্রণালয়ে নির্দেশনা মোতাবেক ভিডব্লিউ খাতে পুষ্টিচাল সরবরাহ করা হচ্ছে। মার্চ/২৩ মাসে কার্ণেল ও চালের বরাদ্দপত্র প্রাপ্তি সাপেক্ষে চাল বিতরণ করা হবে। নীলফামারী সদর উপজেলার ১৫টি ইউনিয়নের ৩০৭১৩ জন খাদ্যবান্ধব ভোক্তাকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইন ডিজিটাল ডাটাবেজে যাচাই করা হয়েছে এবং মার্চ/২৩ মাসের চাল গত ফেব্রুয়ারি ২৩ মাসে অগ্রিম উত্তোলন ও বিক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উপজেলায় ১৫টি ইউনিয়নে ২৬৪ জন ভোক্তা ভিডব্লিউবি ডাটাবেজে থাকায় তাদের সিস্টেম কর্তৃক স্বংক্রিয়ভাবে বাতির হিসেবে গণ্য করা হয়েছে। খাদ্য অধিদপ্তরের অনুমিত সাপেক্ষে পরবর্তীতে বাতিলকৃত ভোক্তার স্থলে নতুন ভোক্তার নাম অন্তর্ভূক্ত করা যাবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মার্চ/২৩ মাসের পুষ্টি চাল সরবরাহ করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় স্বংক্রিয়ভাবে বাতিল হওয়া ২৬৪ জন ভোক্তার স্থলে খাদ্য অধিদপ্তরের অনুমিত সাপেক্ষে পরবর্তীতে নতুন ভোক্তার নাম অন্তর্ভূক্ত করেতে হবে। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, নীলফামারী সদর |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃউপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, ফেব্রুয়ারি, ২০২৩খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। বোরো ফসলের পূর্বাভাস(১ম অংশ) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। গম ফসলের পূর্বাভাস(১ম অংশ) প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। আলু ফসলের নমুনা কর্তন ও উৎপাদন জরিপ প্রস্তুতপূর্বকজেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এম.এস.ভি.এস.বি প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন ধরণের সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রা ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী<br>বিএমডিএ<br>নীলফামারী। |
| ২১. আইসিটি বিভাগঃ সভায় সহকারী প্রোগ্রামার জানান যে, তার দপ্তর হতে বেকার যুব/ যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৩২জনকে বিনামূল্যে ৪০দিন ব্যাপি ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। | বেকার যুব/ যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী<br>বিএডিসি(ক্ষুদ্রসেচ)<br>নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার<br>নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃকার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, পাট চাষীদের মাঝে বিতরণের জন্য ৩০০০কেজি পাট বীজ বরাদ্দ পাওয়া গেছে। যা উপজেলা কমিটির সিদ্ধান্তমোতাবেক খুব শীঘ্রই বিতরণ করা হবে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। উপজেলা কমিটির সিদ্ধান্তমোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত কৃষকের মাঝে পাট বীজ বিতরণ করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হচ্ছে এবং উঠান বৈঠকের কার্যক্রম চলমান রয়েছে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, ডোর টু ডোর সেবা প্রদান এবং উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের অর্থ হতে অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নের ০৮(আট)টি কমিউনিটি ক্লিনিকে ০৮(আট)টি ডেলিভারীরুম নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। যা শীঘ্রই সংশ্লিস্ট কর্তৃপক্ষের নিকট চাবি হস্তান্তর করা হবে। | ০৮(আট)টি কমিউনিটি ক্লিনিকে নির্মিতডেলিভারীরুমের চাবি হস্তান্তরপূর্বক স্থানীয় সেবা প্রত্যাশীদের সেবা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ফেব্রুয়ারি, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৫৮/২০২২-২৩ | ০১/০২/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জানুয়ারি, ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ৫৯/২০২২-২৩ | ০১/০২/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জানুয়ারি, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৬০/২০২২-২৩ | ০১/০২/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জানুয়ারি, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ৬১/২০২২-২৩ | ০১/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির জানুয়ারি, ২০২৩ মাসের মজুরি বিল। | ২৫,০০০.০০ |
| ৬২/২০২২-২৩ | ১৪/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের নভেম্ব/২২ হতে জানুয়ারি/২৩ পর্যন্ত মাসের আনুষঙ্গিক ব্যয় | ১৫০০০.০০ |
| ৬৩/২০২২-২৩ | ১৪/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের নভেম্ব/২২ হতে জানুয়ারি/২৩ পর্যন্ত মাসের আপ্যায়ন ব্যয় | ৯০,০০০.০০ |
| ৬৪/২০২২-২৩ | ১৪/০২/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন সোনারায় ও ইটাখোলা ইউনিয়নে বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থা ৪টি পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১৬০০০.০০ |
| ৬৫/২০২২-২৩ | ১৪/০২/২০২৩খ্রি. | মেসার্স আহনাফ আনান এন্টারপ্রাইজকে বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণ ব্যয় পরিশোধ | ৪,৭৮,৮৭০.০০ |
| ৬৬/২০২২-২৩ | ২৩/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর খুচরা যন্ত্রাংশ ক্রয় ও সংযোজন ব্যয় | ২৩৮০০.০০ |
| ৬৭/২০২২-২৩ | ২৩/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জীপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর খুচরা যন্ত্রাংশ ক্রয় ও সংযোজন ব্যয় | ২৫০০০.০০ |
| ৬৮/২০২২-২৩ | ২৩/০২/২০২৩খ্রি. | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে সার্চ লাইট ও এলইডি লাইট স্থাপন ব্যয় | ১৮০০০.০০ |
| ৬৯/২০২২-২৩ | ২৩/০২/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন ৫নং টুপামারী ইউনিয়নে ৫টি এবং ৭নং কচুকাটা ইউনিয়নে ১টিসহ মোট ৬টি পরিবার বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১৫০০০.০০ |

আলোচ্যসূচি বিবিধ ০২। ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপন প্রসঙ্গে।

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ২৬ মার্চ ২০২৩ মহান স্বাধীনতা দিবস। উক্ত দিবসটি জাতীয় এবং জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযথভাবে উদযাপন করা হবে। তিনি উক্ত দিবসে উপস্থিত থেকে সংশ্লিষ্ট সকলকে দিবসটি উদযাপন করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.১১(৫০)

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ...........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

20/03/2023

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

20/3/23

CamScanner